রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৯, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহণ মন্ত্রণালয়

জাহাজ শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ বৈশাখ ১৪১০বাং/২৯ এপ্রিল ২০০৩ইং।

এস, আর, ও নং ১১৫ আইন/২০০৩।—Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983) এর Section 500 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা শিপ সার্ভেয়ার্স (সার্টিফিকেট) বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অসদাচারণ"** অর্থ

(অ) অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করা;

(আ) অধ্যাদেশ ও এই বিধিমালার সহিত সংগতিপূর্ণ নহে এমন কোন কাজ করা;

(ই) মিথ্যা সার্ভে রিপোর্ট প্রদান করা;

(খ) **"অধিদপ্তর"** অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তর ;



মূল্যঃ টাকা ৩.০০

(গ) **"অধ্যাদেশ"** অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983)

(ঘ) **"উপযুক্ত ব্যক্তি"** অর্থ অধ্যাদেশের Section ৫০০ এর অধীন সরকার কর্তৃক নিযুক্ত উপযুক্ত ব্যক্তি ;

(ঙ) **"ব্যক্তি"** অর্থে অংশীদারী কারবার, কোম্পানী, প্রতিষ্ঠান, কোন সমিতি বা সংঘও অন্তর্ভুক্ত হইবে ;

(চ) **"মহাপরিচালক"** অর্থ অধিদপ্তরের মহাপরিচালক ;

(ছ) **"তফসিল"** অর্থ অত্র বিধিমালার সহিত সংযোজিত কোন তফসিল ;

(জ) **"সার্টিফিকেট"** অর্থ বিধি ৫(৪) এর অধীন প্রদত্ত সার্টিফিকেট ;

(ঝ) **"সার্ভে"** অর্থ তফসিল '১' এ উল্লিখিত যে কোন শ্রেণীর সার্ভে ;

(ঞ) **"সার্ভেয়ার"** অর্থ সার্টিফিকেট প্রাপ্ত শিপ সার্ভেয়ার ;

৩। **সার্টিফিকেট প্রাপ্তির যোগ্যতা ও অযোগ্যতা**।—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে কোন ব্যক্তিকে সার্ভে করার জন্য সার্টিফিকেট প্রদান করা যাইবে।

(২) কোন ব্যক্তিকে সার্টিফিকেট প্রদান করা হইবে না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন ;

(খ) তাহার বয়স ৬৫ (পয়ষট্টি) বৎসর বা তদুর্দ্ধ হয় ;

(গ) তিনি যথাযথ আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইয়া থাকেন বা ইতোমধ্যে উক্ত দেউলিয়াত্বের অবসান না হইয়া থাকে ;

(ঘ) তিনি বিকৃত মস্তিষ্ক হন ;

(ঙ) তিনি অসদাচরণ বা দুর্নীতির দায়ে কোন সরকারী বা সংবিধিবদ্ধ সংস্থার চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হন ;

(চ) তাহার তফসিল '১' এ উল্লেখিত প্রয়োজনীয় যোগ্যতা না থাকে ;

(ছ) তিনি জাহাজের মালিক বা অপারেটর অথবা চার্টারার বা এজেন্টদের সাথে মালিকানা বা চাকুরীর মাধ্যমে জড়িত হন।

(১) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন অংশীদারী কারবার, কোম্পানী, সমিতি বা সংঘে অন্যূন দুইজন সার্ভেয়ার থাকিলে উক্ত অংশীদারী কারবার, কোম্পানী, সমিতি বা সংঘ সার্টিফিকেটের জন্য আবেদন করিতে পারিবে।

৪। **আবেদন পত্র দাখিল।**—সার্টিফিকেট এর জন্য আগ্রহী ব্যক্তি যোগ্যতা ও অভিজ্ঞতার বর্ণনাসহ মহাপরিচালক বরাবরে আবেদন করিবেন এবং আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করিবেন।

৫। **সার্টিফিকেট প্রদান পদ্ধতি।**—(১) মহাপরিচালক, বিধি ৪ এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৭ (সাত) দিনের মধ্যে, উপযুক্ত ব্যক্তির বরাবরে আবেদন পত্র প্রেরণ করিবেন।

(২) উপযুক্ত ব্যক্তি, উপ-বিধি (১) অনুযায়ী আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক তাহার প্রতিবেদন বা সুপারিশ মহাপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৩) উপযুক্ত ব্যক্তি, উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে অন্য কোন প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবেন এবং প্রয়োজনে, ব্যক্তিগতভাবে হাজির হইবার জন্য নির্দেশ দিতে পারিবেন।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী প্রতিবেদন বা সুপারিশ প্রাপ্তির ত্রিশ (৩০) দিনের মধ্যে মহাপরিচালক বিধি ৬(২) এ উল্লিখিত সার্টিফিকেট ফিস আদায়পূর্বক, তফসিল '২' এ উল্লেখিত ফরমে, সার্টিফিকেট প্রদান করিবেন বা ক্ষেত্রমত প্রত্যাখান করিবেন।

(৫) আবেদনকারী কোন শ্রেণীর সার্ভে করিতে পারিবেন, মহাপরিচালক তাহা সার্টিফিকেটে সুস্পষ্টভাবে উল্লেখ করিবেন।

(৬) উপ-বিধি (৪) এর বিধান অনুসারে আবেদনপত্র প্রত্যাখান হইলে প্রত্যাখানের কারণ উল্লেখ পূর্বক উক্ত সিদ্ধান্ত অবিলম্বে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৬। **সার্টিফিকেটের মেয়াদ, ফিস এবং নবায়ন ইত্যাদি।**—(১) সার্টিফিকেটের মেয়াদ হইবে ২(দুই) বৎসর।

(২) সার্টিফিকেট ফিস হইবে ৫০০০ (পাঁচহাজার) টাকা।

(৩) মেয়াদ পূর্তির পূর্বে পরবর্তী মেয়াদের জন্য ২০০০ (দুই হাজার) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সার্টিফিকেট নবায়ন করা যাইবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লেখিত সময়-সীমার মধ্যে সার্টিফিকেট নবায়ন করা না হইলে উক্ত সময় অতিক্রান্ত হইবার পরবর্তী নব্বই (৯০) দিনের মধ্যে নবায়ন ফিসসহ ৫০০ (পাঁচশত) টাকা বিলম্ব ফিস প্রদান করিয়া সার্টিফিকেট নবায়ন করা যাইবে।

(৫) অত্র বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, মহাপরিচালক, সময়ে সময়ে সরকারের পূর্বানুমোদনক্রমে, সার্টিফিকেট ফিস, নবায়ন ফিস এবং বিলম্ব ফিস পুনঃ নির্ধারণ করিতে পারিবেন।

৭। **সার্টিফিকেট স্থগিত, বাতিল, ইত্যাদি**।—কোন সার্ভেয়ার বিধি বা সার্টিফিকেটের শর্ত ভংগ করিলে মহাপরিচালক তাহাকে যুক্তিসংগত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া সার্টিফিকেট স্থগিত বা বাতিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, মহাপরিচালক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন নির্দিষ্ট পরিস্থিতিতে উক্ত বিধান বা সার্টিফিকেটের শর্তাবলী ভংগের পরিধি বা প্রকৃতি এমন যে, তাহাকে কারণ দর্শানোর সুযোগ প্রদান করা সমীচীন নহে তাহা হইলে কারণ দর্শানোর সুযোগ প্রদান ব্যতিরেকেই সার্টিফিকেটের কার্যকারিতা স্থগিত করিতে পারিবেন।

৮। **আপীল**।—(১) বিধি ৫(৪) এবং বিধি (৭) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার কারণে সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার ত্রিশ (৩০) দিনের মধ্যে সরকারের নিকট লিখিতভাবে আপীল করিতে পারিবেন।

(২) উপবিধি (১) এর অধীন সরকারের নিকট আপীল করা হইলে এই ক্ষেত্রে সরকার প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। **সার্ভেয়ারের দায়িত্ব ও কার্যাবলী**।—(১) শিপ সার্ভেয়ারের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) সার্ভেয়ার স্বয়ং সার্ভে সম্পন্ন করিবেন এবং সার্ভে রিপোর্টে স্বাক্ষর করিবেন ;

(খ) সার্ভে রিপোর্টে সংশ্লিষ্ট সার্ভেয়ার তাঁহার নাম, সার্টিফিকেট নম্বর পরিষ্কারভাবে লিপিবদ্ধ করিবেন ;

(গ) অধ্যাদেশ এবং আই এম ও (International Maritime Organization) এর গাইড লাইন অনুযায়ী সার্ভে রিপোর্ট প্রদান করিবেন।

১০। **আন্তর্জাতিক শিপ সার্ভে কোম্পানী কর্তৃক সার্ভে**।—(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন আন্তর্জাতিক শিপ সার্ভে কোম্পানী বা আন্তর্জাতিক শিপ ইন্সপেকশন কোম্পানী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশে সার্ভে করিতে পারিবে, যথা —

(ক) বাংলাদেশে উক্ত কোম্পানীর অফিস থাকিতে হইবে ;

(খ) উক্ত কোম্পানীতে দুই বা ততোধিক বাংলাদেশী সার্ভেয়ার নিয়োগ করিতে হইবে ;

(গ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে অধিদপ্তর হইতে বাংলাদেশে সার্ভে করিবার অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১১। **সার্টিফিকেট ব্যতীত সার্ভে নিষিদ্ধ**।—কোন ব্যক্তি সার্টিফিকেট ব্যতীত সার্ভে করিতে পারিবেন না।

১২। **সার্টিফিকেট হস্তান্তর নিষিদ্ধ।**—অত্র বিধিমালার অধীন প্রদত্ত সার্টিফিকেট হস্তান্তরযোগ্য হইবে না।

১৩। **শাস্তি।**—কোন ব্যক্তি সার্টিফিকেট গ্রহণ ব্যতিরেকে সার্ভে পেশায় নিয়োজিত হইলে উক্ত লংঘনকারী ব্যক্তি অধ্যাদেশের Section 502 এর বিধান অনুযায়ী অর্থ দন্ডে দন্ডনীয় হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**জুলফিকার হায়দার চৌধুরী**
সচিব।

---

তফসিল-'১'

[বিধি-২ (ছ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | সার্ভে শ্রেণীর বিবরণ | পেশাগত প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|
| ১। | জাহাজে পরিবাহিত পণ্যের পরিমাণ নির্ধারণের জন্য ড্রাফট সার্ভে | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | জাহাজে পরিবাহিত তৈল, বালাষ্ট ফ্লুইড অথবা তরল পদার্থের পরিমাণ নির্ধারনের জন্য আলেজ সার্ভে করা এবং উপরোক্ত কার্গো খালাসের পরিমাণ নির্ধারনের জন্য ড্রাই ট্যাংক সার্ভে করা | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | ড্যামেজ সার্ভে (হাল) | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪। | ড্যামেজ সার্ভে (মেশিনারীজ) | প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৫। | অন হায়ার এবং অফ হায়ার সার্ভে | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৬। | হোল্ড, কন্টেইনার, রিফ্রিজারেটেড চেম্বার, কার্গো স্পেস প্রি-লোডিং ইন্সপেকশন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৭। | কার্গোসমূহের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৮। | বিপদজ্জনক পণ্য সামগ্রী পরিবহন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯। | কার্গোর ল্যাসিং ও সিকিউরিং | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদসহ মাষ্টার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১০। | বাল্ক কার্গো এবং গুদামজাত শস্যসহ সমুদ্র যাত্রার পূর্বে ইন্সপেকশন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১১। | কার্গো ভর্তি ষ্ট্যাবিলিটির হিসাব | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১২। | জাহাজের সাধারণ অবস্থা এবং মূল্যায়ন নিরূপন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১৩। | কার্গো এবং কার্গো হোল্ডের পেষ্ট ল্যান্ডিং সার্ভে এবং ইন্সপেকশন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৪। | ব্রেক বাল্ক সার্ভে এবং কার্গোর সাধারণ অবস্থা নিরূপন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৫। | কার্গো ড্যামেজ নিরূপন ও এভারেজ এড্ভাষ্টমেন্ট | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৬। | জাহাজের সমুদ্র যাত্রার পূর্বে ইন্সপেকশন | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৭। | কন্টেইনার ইন্সপেকশন বা সার্ভে | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৮। | আমদানী বা রপ্তানীযোগ্য মালের ইন্সপেকশন বা সার্ভে | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৯। | কার্গো লিফটিং গিয়ার এবং অন্যান্য যন্ত্রপাতি | প্রথম শ্রেণীর ডেক অফিসার সনদ বা প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার সনদসহ মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার হিসাবে দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

## তফসিল-২

[ বিধি-২ (ছ) দ্রষ্টব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the people's Republic of Bangladesh

বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর বিধান মোতাবেক জারীকৃত

Certificate Issued Under The provisions of Bangladesh Merchant Shipping Ordinance 1983

শিপ সার্ভেয়ার সনদ

### CERTIFICATE OF SHIP SURVEYOR

সার্টিফিকেট নং ও জারীর তারিখ

Cert. no. and date of issue..............................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই মর্মে প্রত্যয়ন করিতেছে যে,

The Government of the people's Republic of Bangladesh certifies that

..............................................................................................

has been found duly qualified in accordance with the provisions of regulation 503 of the above Ordinance, and has been found competent to perform the following functions until

উপরোক্ত অধ্যাদেশ এর বিধি ৫০৩ অনুযায়ী শিপ সার্ভেয়ার হিসাবে যোগ্য এবং উল্লেখিত কার্যক্রমসমূহের নির্ধারিত শর্তসাপেক্ষে দায়িত্ব সম্পাদনে......পর্যন্ত

or untill the date of expiry of the extension of the validity of this certificate as may be shown overleaf :

অথবা এই সনদের বৈধতার মেয়াদ অপর পৃষ্ঠায় প্রদর্শিত তারিখ পর্যন্ত সক্ষম ঃ

| কার্যক্রম (FUNCTIONS) | কার্যক্রম (FUNCTIONS) |
|---|---|
| ১. জাহাজের পরিবাহিত পণ্যের পরিমাণ নির্ধারণের জন্য ড্রাফট সার্ভে Draft Survey | ২. জাহাজে পরিবাহিত তৈল, ব্যালাস্ট ফ্লুইড অথবা তরল পদার্থের পরিমান নির্ধারণের জন্য আলেজ সার্ভে করা এবং উপরোক্ত কার্গো খালাসের পরিমাণ নির্ধারণের জন্য ড্রাই ট্যাংক সার্ভে করা Fuel, balast & ullage survey |
| ৩. ড্যামেজ সার্ভে (হাল) Damage Survey (hull) | ৪. ড্যামেজ সার্ভে (মেশিনারীজ) Damage Survey (Machinaries) |

| কার্যক্রম (FUNCTIONS) | কার্যক্রম (FUNCTIONS) |
|---|---|
| ৫. অন হায়ার এবং অফ হায়ার সার্ভে On hire & Off hire survey | ৬. হোল্ড, কন্টেইনার, রিফ্রিজারেটেড চেম্বার, কার্গো স্পেস প্রি-লোডিং ইন্সপেকশন Refer hold & Refer container survey |
| ৭. কার্গোসমূহের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন Pre shipment Inspection of Cargoes | ৮. বিপজ্জনক পণ্য সামগ্রী পরিবহন Dangerous goods survey |
| ৯. কার্গোর ল্যাসিং ও সিকিউরিং Lashing and Securing of Cargoes | ১০. বাল্ক কার্গো এবং গুদামজাত শস্যসহ সমুদ্র যাত্রার পূর্বে ইন্সপেকশন Bulk cargo pre-voyage inspection |
| ১১. কার্গো ভর্তি ষ্ট্যাবিলিটির হিসাব Stability Calculation | ১২. জাহাজের সাধারণ অবস্থা এবং মূল্যায়ন নিরূপণ Evaluation of general condition of ship |
| ১৩. কার্গো এবং কার্গো হোল্ডের পোষ্ট ল্যান্ডিং সার্ভে এবং ইন্সপেকশন Cargo & cargo post landing Inspection | ১৪. ব্রেক বাল্ক সার্ভে এবং কার্গোর সাধারণ অবস্থান নিরূপন Break bulk survey |
| ১৫. কার্গো ড্যামেজ নিরূপন ও এভারেজ এডজাষ্টমেন্ট Cargo damage & everage adjustment | ১৬. জাহাজের সমুদ্র যাত্রার পূর্বে ইন্সপেকশন Pre-voyage inspection of ship |
| ১৭. কন্টেইনার ইন্সপেকশন বা সার্ভে Container inspection or survey | ১৮. আমদানী বা রপ্তানী যোগ্য মালের ইন্সপেকশন বা সার্ভে Inspection of imported and export goods |
| ১৯. কার্গো লিফটিং গিয়ার ও অন্যান্য যন্ত্রপাতি সার্ভে Cargo lifting gear and other equipment survey | ২০. |

দাপ্তরিক সীল
Official Seal

স্বাক্ষর (Signature)........................................
নাম (Name)........................................
চীপ ইঞ্জিঃ এণ্ড শিপ সার্ভেঃ/চীফ নটিক্যাল সার্ভেয়ার
Chief Eng. & Ship Surv./Chief Nautical Surveyor

সনদধারীর নাম
Name of the holder ..........................................

সনদধারীর জন্ম তারিখ
Date of birth of the holder ..........................................

সনদধারীর জন্ম স্থান
Place of birth of the holder ..........................................

উত্তীর্ণের তারিখ
Qualifying Conditions met on ..........................................

সনদ ইস্যুর স্থান-সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।
Certificate issued at DEPARTMENT OF SHIPPING, DHAKA.

সনদ নং
Certificate No. ..........................................

ইস্যুর তারিখ
Issued on . ..........................................

ছবি
Photo

সনদধারীর স্বাক্ষর
Signature of the holder ........................
সনদধারীর ছবি (Photograph of the holder)

কাউন্টার সাক্ষর (Countersigned)

........................ স্বাক্ষর (Signature) ..................................
মহাপরিচালক নাম (Name)..........................................
Director General চীফ ইঞ্জিঃ এণ্ড শিপ সার্ভেঃ/চীফ নটিক্যাল সার্ভেয়ার
সমুদ্র পরিবহন অধিদপ্তর Chief Eng. & Ship Surv/Chief Nautical Surveyor
Department of Shipping

এই সনদের মেয়াদ এতদ্বারা নিম্ন তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল
(The validity of this certificate is hereby extended until)
..............................

দাপ্তরিক সীল
(Official seal)

স্বাক্ষর (Signature)..............................
নাম (Name) ..............................
প্রধান পরীক্ষক (ডেক/ইঞ্জিন)
Chief Examiner (Deck/Eng.)

পুনঃ বৈধতার তারিখ
(Date of revalidation) ..............................

এই সনদের মেয়াদ এতদ্বারা নিম্ন তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল
(The validity of this certificate is hereby extended until)
..............................

দাপ্তরিক সীল
(Official seal)

স্বাক্ষর (Signature)..............................
নাম (Name) ..............................
প্রধান পরীক্ষক (ডেক/ইঞ্জিন)
Chief Examiner (Deck/Eng.)

পুনঃ বৈধতার তারিখ
(Date of revalidation) ..............................

এই সনদের মেয়াদ এতদ্বারা নিম্ন তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল
(The validity of this certificate is hereby extended until)
..............................

দাপ্তরিক সীল
(Official seal)

স্বাক্ষর (Signature)..............................
নাম (Name) ..............................
প্রধান পরীক্ষক (ডেক/ইঞ্জিন)
Chief Examiner (Deck/Eng.)

পুনঃ বৈধতার তারিখ
(Date of revalidation) ..............................

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।